

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২২.১৩

তারিখ: ১৭ মাঘ ১৪২৮  
৩১ জানুয়ারি ২০২২

বিষয়: 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২' প্রদানের জন্য আবেদন আহ্বান।

জনপ্রশাসনে কর্মরত কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ অনুসারে ১২টি ক্ষেত্রে জাতীয় পর্যায়ে ব্যক্তি/দল/প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান করা হবে। পদক নীতিমালার ৭ ধারা অনুসারে শুধুমাত্র ২০২২ সালের জন্য বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান কার্যক্রমের সময়সূচি নিম্নরূপ:

জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদকের জন্য আবেদন আহ্বান	-	০১ ফেব্রুয়ারি ২০২২
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটিতে আবেদন দাখিল	-	২৮ ফেব্রুয়ারি ২০২২ এর মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক চূড়ান্তকরণ	-	২০ মার্চ ২০২২ এর মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটি কর্তৃক বাছাইকৃত আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	২৫ মার্চ ২০২২ এর মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক আবেদন বাছাই ও চূড়ান্তকরণ	-	২৫ মে ২০২২ এর মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত আবেদনসমূহ জাতীয় কমিটিতে উপস্থাপন	-	০১ জুন ২০২২ এর মধ্যে
জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	-	১৫ জুন ২০২২ এর মধ্যে
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন	-	৩০ জুন ২০২২ এর মধ্যে
পদকপ্রাপ্তদের নাম ঘোষণা ও পদক হস্তান্তর	-	২৩ জুলাই ২০২২

০২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী ২০২১ (জানুয়ারি-ডিসেম্বর) সালের কর্মকাল বিবেচনাপূর্বক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২২ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন প্রেরণ এবং পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### শর্তাবলীঃ

১। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ অনুসারে মনোনয়ন প্রেরণ করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮নং অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন প্রেরণ ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে। নীতিমালা ও আবেদনের ছক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) হতে ডাউনলোড করা যাবে।

২। নীতিমালায় বর্ণিত আবেদন ছক (সংযোজনী ক) যথাযথভাবে পূরণ করতে হবে এবং ছকে অবদানের বস্তুনিষ্ঠ বর্ণনা থাকতে হবে।

৩। জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের বাছাই কমিটি প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যাচাই-বাছাই করে ২৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। পূরণকৃত আবেদন ছক, সকল সংযোজনী এবং সংশ্লিষ্ট বাছাই কমিটির সভার কার্যবিবরণীর হার্ডকপির পাশাপাশি সফটকপি word ও pdf ফাইলে ই-মেইলে ([cp2@mopa.gov.bd](mailto:cp2@mopa.gov.bd)) প্রেরণ করতে হবে।

সংযুক্ত: নীতিমালা,

আবেদন ছক ও সংযোজনী-খ এর পিডিএফ কপি,  
আবেদন ছক এর সফট কপি,  
সংযোজনী-খ এর সফট কপি,



৩১-১-২০২২

মোহাম্মদ নাছির উল্লাহ খান  
উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

ইমেইল: cp2@mopa.gov.bd

বিতরণ :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) জেলা প্রশাসক (সকল)
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২২.১৩/১(৩)

তারিখ: ১৭ মাঘ ১৪২৮  
৩১ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে সংশ্লিষ্ট নীতিমালা ও সংযোজনীসহ প্রকাশের অনুরোধসহ)



৩১-১-২০২২

মোহাম্মদ নাছির উল্লাহ খান  
উপসচিব